



হবিগঞ্জে ব্রাজিল-আর্জেন্টিনা সমর্থকদের সংঘর্ষ



সংগৃহীত ছবি

হবিগঞ্জের সদর উপজেলায় ফুটবল ম্যাচকে কেন্দ্র করে ব্রাজিল ও আর্জেন্টিনা সমর্থকদের মধ্যে ভয়াবহ সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে দুই পক্ষের অন্তত ৫০ জনের বেশি মানুষ আহত হয়েছেন।

ঘটনাটি ঘটে বুধবার (৩ জুন) সকালে লোকড়া ইউনিয়নের কাশীপুর গ্রামে। সংঘর্ষে আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের দ্রুত সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, মঙ্গলবার বিকেলে গ্রামটিতে ব্রাজিল ও আর্জেন্টিনা সমর্থকদের অংশগ্রহণে একটি প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। খেলায় ব্রাজিল ২-০ গোলে হেরে গেলে মাঠের মধ্যেই দুই পক্ষের মধ্যে উত্তেজনা তৈরি হয় এবং প্রথমে কথাকাটাকাটি শুরু হয়।

তখন পরিস্থিতি কিছুটা শান্ত হলেও বিষয়টি আর থেমে থাকেনি। পরদিন সকালে একই ইস্যু নিয়ে আবারও দুই পক্ষ মুখোমুখি হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয় এবং দেশীয় অস্ত্রও ব্যবহার করা হয় বলে জানা গেছে।

প্রায় এক ঘণ্টা ধরে চলা এ সংঘর্ষে এলাকায় চরম উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।